রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ২৫, ২০০৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

বিজ্ঞপ্তি

তারিখ, ১০ কার্তিক, ১৪১৪ বাং/ ২৫ অক্টোবর, ২০০৭ খ্রিঃ

নং ৩০ (মুঃপ্রঃ)।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি কর্তৃক ০৯ কার্তিক, ১৪১৪ বাং/ ২৪ অক্টোবর, ২০০৭ খ্রিঃ তারিখে প্রণীত নিম্নে উল্লেখিত অধ্যাদেশটি এতদ্বারা জনসাধারণের জ্ঞাতার্থে প্রকাশ করা হলো।

অধ্যাদেশ নং ৩০, ২০০৭

The Pesticides Ordinance, 1971 (Ord. NO. II of 1971) এর অধিকতর সংশোধনকল্পে প্রণীত

অধ্যাদেশ

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে The Pesticides Ordinance, 1971 (Ord. NO. II of 1971) এর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

এবং যেহেতু সংসদ ভাঙ্গিয়া যাওয়া অবস্থায় রহিয়াছে এবং রাষ্ট্রপতির নিকট ইহা সন্তোষজনকভাবে প্রতীয়মান হইয়াছে যে, আশু ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজনীয় পরিস্থিতি বিদ্যমান রহিয়াছে;

মূল্য : টাকা ২.০০

যেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ৯৩ (১) এ প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি নিম্নরূপ অধ্যাদেশ প্রণয়ন ও জারী করিলেন ঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম।**—এই অধ্যাদেশ The Pesticides (Amendment) Ordinance, 2007 নামে অভিহিত হইবে।

২। **Ordinance No. II of 1971 এর section 8 এর সংশোধন।**—The Pesticides Ordinance, 197 (Ord. NO. II of 1971), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 8 এর sub-section (2) এর পর নিম্নরূপ নূতন sub-section (3) সংযোজিত হইবে, যথা ঃ—

"(3) An application for the renewal of registration shall be made at least thirty days before its expiry."।

৩। **Ordinance No. II of 1971 এর section 21 এর সংশোধন।**—উক্ত Ordinance এর section 21 এর "one thousand" শব্দগুলির পরিবর্তে "twenty thousand", "two thousand" শব্দগুলির পরিবর্তে "thirty thousand", "three thousand" শব্দগুলির পরিবর্তে "fifty thousand", এবং "one year" শব্দগুলির পরিবর্তে "two years" শব্দগুলির প্রতিস্থাপিত হইবে।

৪। **Ordinance No. II of 1971 এর section 22 এর সংশোধন।**—উক্ত Ordinance এর section 22 এর "one thousand" শব্দগুলির পরিবর্তে "twenty thousand" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৫। **Ordinance No. II of 1971 এর section 23 এর সংশোধন।**—উক্ত Ordinance এর section 23 এর—

(ক) clause (c) এর শেষে "or" শব্দটি সংযোজিত হইবে এবং উহার পর নিম্নরূপ নূতন clause (d) সন্নিবেশিত হইবে, যথা ঃ—

"(d) gives any false statement during registration (prior and after) will get no scope for further registration and," ; এবং

(খ) "two thousand and five hundred" শব্দগুলির পরিবর্তে "twenty five thousand" এবং "five thousand" শব্দগুলির পরিবর্তে "fifty thousand" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

তারিখ ঃ ০৯-০৭-১৪১৪ বঙ্গাব্দ / ২৪-১০-২০০৭ খ্রিস্টাব্দ।

প্রফেসর ড. ইয়াজউদ্দিন আহম্মেদ

রাষ্ট্রপতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ।

কাজী হাবিবুল আউয়াল

ভারপ্রাপ্ত সচিব।

এ, কে, এম রফিকুল ইসলাম (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আখতার হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।